নম্বর 202.28

নির্বাহী আদেশ

দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত আইনের সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং আরো অব্যাহত হতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

এখন অতএব আমি, অ্যান্ড্রু এম. কুওমো, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর সেকশন 29-a দ্বারা আমার উপর ন্যস্ত কর্তৃত্বের বলে নির্বাহী আদেশ 202 এবং প্রতিটি পরবর্তী নির্বাহী আদেশ, 202.14 পর্যন্ত দ্বারা করা নির্দেশ অতিক্রম করে না এমন পরবর্তী কোন নির্দেশের আওতা বহীর্ভূত আইনের এবং নির্দেশের স্থগিতাদেশ এতদ্বারা ত্রিশ দিনের জন্য 06 জুন 2020 পর্যন্ত অব্যাহত রাখছি, নিচে উল্লিখিত সংশোধন বাদে:

- নিম্নলিখিত আইন এবং বিধির স্থগিতাদেশ অথবা পরিবর্তন অব্যাহত থাকছে না এবং এই সকল আইন এবং বিধি পূর্ণ শক্তিতে বলবত এবং কার্যকর থাকছে 08 মে 2020 থেকে:
  - 10 NYCRR 405.9, কেবল সেই পরিসর পর্যন্ত সীমিত করা যা একজন অনুশীলনকারীকে একটি ফেসিলিটিতে অনুশীলন করতে দেবে যেখানে তারা শংসায়িত নন অথবা অধিকারপ্রাপ্ত নন, যার স্থগিতাদেশ অব্যাহত থাকবে; 10 NYCRR 400.9; 10 NYCRR 400.11, 10 NYCRR 405; 10 NYCRR 403.3; 10 NYCRR 403.5; 10 NYCRR 800.3, কেবল সেই পরিসর পর্যন্ত যেখানে উপঅনুচ্ছেদ (d) এবং (u) অন্যথায় প্যারামেডিকদের দ্বারা প্রদত্ত পরিচর্যার পরিধি সীমিত করতে পারে COVID-19 রোগীদের বা COVID-19 আক্রান্ত বলে সন্দেহভাজন ব্যক্তিদের চিকিৎসা পরিষেবা নিষিদ্ধ করতে অথবা প্রসারিত করতে; 10 NYCRR 400.12; 10 NYCRR 415.11; 10 NYCRR 415.15; 10 NYCRR 415.26; 14 NYCRR 620; 14 NYCRR 633.12; 14 NYCRR 636-1; 14 NYCRR 686.3; এবং 14 NYCRR 517;
  - মানসিক স্বাস্থ্যবিধি আইনের (Mental Hygiene Law) সেকশন 41.34; 29.11; এবং 29.15;
  - জনস্বাস্থ্য আইনের (Public Health Law) সেকশন 3002, 3002-a, 3003, এবং 3004-a সেই পরিসর অবধি পরিবর্তন বা সংশোধন করা যা একটি আঞ্চলিক বা রাজ্য EMS বোর্ড দ্বারা অনুমোদন ছাড়াই নির্ধারন করার জন্য কমিশনারকে অনুমতি দিতো;
  - শিক্ষা আইনের (Education Law) সেকশন 6527 এর সাবডিভিশন (2), সেকশন 6545, এবং সেকশন 6909 এর সাবডিভিশন (1); তার সাথে শিক্ষা আইনের সেকশন

6530-এর সাবডিভিশন 32, NYCRR এর টাইটেল 8 এর সেকশন 29.2 এর সাবডিভিশন (a) এর অনুচ্ছেদ (3), এবং NYCRR এর টাইটেল 10 এর সেকশন 58-1.11, 405.10, এবং 415.22;

- নির্মাণ, শক্তি সংরক্ষণ, বা অন্যান্য বিল্ডিং কোড সম্পর্কিত সকল কোড, এবং সমস্ত রাজ্য এবং স্থানীয় আইন, অধ্যাদেশ, এবং নিয়মকানুন যা অন্যথায় OPWDD কমিশনারের অনুমোদনের দ্বারা প্রতিস্থাপন করা যেত যেমন প্রযোজ্য শুধু শারীরিক প্লান্ট, শয্যা ধারণ ক্ষমতা এবং প্রদত্ত পরিষেবাগুলিতে সাময়িক পরিবর্তনের জন্য; কমিশনারের অধীনস্থ ফেসিলিটিগুলির জন্য।

উপরন্তু, এতদ্বারা, যে কোন সংস্থার কোনও আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা নিয়ম, বা এর অংশবিশেষ সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করছি যদি তার অনুবর্তী হওয়া দুর্যোগপূর্ণ জরুরী অবস্থার সময়ে সেই দুর্যোগ সামলানোর ক্ষেত্রে প্রতিরোধ, প্রতিবন্ধকতা, অথবা বিলম্বের কারণ হয় অথবা যদি প্রয়োজন হয় সেই দুর্যোগ সামলানোর জন্য বা সহায়তা করার জন্য, এই কার্যনির্বাহী আদেশের তারিখ থেকে 06 জুন 2020 অবধি সময়কালের জন্য:

- জেনারাল ওব্লিগেশন্স ল্য (General Obligations Law) এর সেকশন 7-103, 7-107 এবং 7-108 সেই পরিসর অবধি পরিবর্তন বা সংশোধন করা যা প্রয়োজন এগুলি প্রদান করতে:

  - বাড়িওয়ালা এবং ভাড়াটিয়া বা আবাসিক সম্পত্তির লাইসেন্সধারীরা ভাড়াটিয়া বা লাইসেন্সধারীদের সম্মতির ভিত্তিতে, একটি লিখিত চুক্তিতে আবদ্ধ হতে পারেন যার দ্বারা নিরাপত্তা আমানত এবং তার উপর জমা হওয়া কোন সুদ বকেয়া ভাড়া অথবা যে ভাড়া বকেয়া হবে তা পরিশোধ করার জন্য ব্যবহার করা হবে। যদি আমানতের পরিমাণ একটি পূর্ণ মাস ভাড়ার পরিমাণের কম হয়, তাহলে এই সম্মতি বাকি ভাড়া মাপ করে দেওয়া বোঝায় না যা ওই মাসের জন্য বাকি থাকে। ইমেইল দ্বারা কাউন্টারপার্টগুলিতে এক্সিকিউশন সম্মতির জন্য যথেষ্ট এক্সিকিউশন বলে গণ্য করা হবে;
  - বাড়িওয়ালা ভাড়াটেদের বা লাইসেন্সধারীদের এই ধরনের ত্রাণ প্রদান করবেন, যারা এর জন্য অনুরোধ করবেন যারা বেকারত্ব বীমা বা রাজ্য বা ফেডারাল আইনের অধীনে সুবিধা পাওয়ার যোগ্য অথবা অন্যথায় COVID-19 মহামারির কারণে আর্থিক কষ্টের সম্মুখীন হচ্ছেন;
  - এই ধরনের চুক্তিতে প্রবেশ করার বিকল্প ভাড়াটে বা লাইসেন্সধারীর থাকবে এবং বাড়িওয়ালারা এই ধরনের চুক্তিকে বাধ্য করার জন্য কোন হয়রানি, হুমকি বা কোন ক্ষতিকারক ক্রিয়াকলাপে লিপ্ত হবেন না;
  - ভাড়ার অর্থ হিসেবে ব্যবহৃত কোনো নিরাপত্তা আমানত ভাড়াটে বা লাইসেন্সধারী দ্বারা পুনঃস্থাপিত হবে, যা প্রতি মাসে ভাড়া হিসেবে ব্যবহৃত পরিমাণের 1/12 হারে পরিশোধ করতে হবে। নিরাপত্তা আমানত পূরণ করার জন্য পেমেন্ট বকেয়া হয়ে যাবে ভাড়া হিসাবে নিরাপত্তা আমানত ব্যবহারের তারিখ থেকে 90 দিনের মধ্যে । ভাড়াটে বা লাইসেন্সধারী তাদের ইচ্ছানুসারে বীমা ধরে রাখতে পারেন যা বাড়িওয়ালাকে নিরাপত্তা আমানত পরিশোধের পরিবর্তে ত্রাণ প্রদান করে, যা বাড়িওয়ালাকে এই ধরনের বীমার পুনঃস্থাপন হিসেবে গ্রহণ করতে হবে।

- রিয়েল প্রপার্টি ল্যয়ের (Real Property Law) সেকশন 238-a এর সাবডিভিশন 2 এই প্রদান করবে যে কোন বাড়িওয়ালা, ইজারা প্রদানকারী, উপ-ইজারা প্রদানকারী বা গ্রান্টর ভাড়ার লেট পেমেন্টের জন্য অর্থ বা ফি দাবী করতে পারবেন অথবা তার প্রাপ্য হবেন যা 20 মার্চ, 2020 থেকে 20 আগস্ট 2020-এর মধ্য ঘটবে; এবং

- নির্বাচন আইনের (Election Law) সেকশন 8-400 সেই পরিসর পর্যন্ত পরিবর্তন অথবা সংশোধন করা হয়েছে যাতে COVID-19 এর গণ স্বাস্থ্য সঙ্কটের কারণে সাময়িক অসুস্থতার জন্য কোন অনুপস্থিত আবেদন যা একটি নির্বাচন বোর্ড ডাকযোগে পাঠাতে পারেন, তা এমনভাবে খসড়া করা এবং ছাপানো হবে যাতে ভোটদানের নির্বাচনগুলি কেবল অনুপস্থিত ব্যালট আবেদনে সীমিত থাকবে যা শুধু প্রাথমিক অথবা বিশেষ নির্বাচনের ক্ষেত্রে প্রযোজ্য হবে যা জুন 23, 2020-তে অনুষ্ঠিত হবে, এই শর্তে যে, যে সকল অনুপস্থিত ব্যালট যা ইতিমধ্যেই ডাকযোগে পাঠানো হয়েছে অথবা সম্পূর্ণ করা হয়েছে বলে দাবী করা হয়েছে, তা একটি সাধারণ নির্বাচনের জন্য ব্যালট নির্বাচন করবে অথবা স্থায়ী অনুপস্থিত ব্যালটের জন্য অনুরোধ করবে যা সব ক্ষেত্রে বৈধ থাকবে একটি অনুপস্থিত ব্যালট প্রদান করার জন্য যে কোন প্রাথমিক বা বিশেষ নির্বাচনের ক্ষেত্রে যা জুন 23, 2020 তারিখে অনুষ্ঠিত হবে। এই নির্দেশ মেনে আবেদনটি সম্পূর্ণ করার জন্য ভোটারদের উদ্দেশ্যে নির্দেশাবলী ওয়েবসাইটের দৃষ্টিগোচর হয় এমন স্থানে পোস্ট করবেন সকল নির্বাচন বোর্ড (Boards of Elections)।

- নির্বাহী আদেশ 202.8 ফৌজদারি কার্যবিধি আইনে (Criminal Procedure Law) থাকা কোনো সময়ের সীমাবদ্ধতার বিধানাবলী নিম্নরুপ পরিবর্তন করা:

    - ফৌজদারি পদ্ধতি আইনের সেকশন 182.30, সেই পরিসর অবধি পরিবর্তন বা সংশোধন করা যা নির্দিষ্ট আবেদনের ক্ষেত্রে ইলেকট্রনিক উপস্থিতির ব্যবহার নিষিদ্ধ করবে;
    - ফৌজদারি কার্যবিধি আইনের সেকশন 180.60 প্রদান করে যে (i) শুনানিতে সকল পক্ষের উপস্থিতি, প্রতিবাদী সহ, একটি ইলেকট্রনিক উপস্থিতির মাধ্যমে হতে পারে; (ii) আদালত সঙ্গত কারণের জন্য, ফৌজদারি পদ্ধতি আইনের সেকশন 245.70 এর অধীনে, সাক্ষ্য দিচ্ছেন এমন যে কোন সাক্ষীর পরিচয় গোপন করতে, তার ছবি আবছা করতে বা প্রকাশ না করতে পারেন, এবং।অথবা গলার স্বর লুকোতে পারেন - এই শর্তে যে আদালতকে একজন সাক্ষীর আচরণ বিচার করার জন্য ব্যবস্থা প্রদান করা হয়;
    - ফৌজদারি পদ্ধতি আইনের সেকশন 180.80, যে পর্যন্ত একটি আদালত নিজেকে অবশ্যই সন্তুষ্ট করবে যে ভাল কারণ প্রদর্শন করা হয়েছে 8 মে, 2020 থেকে একশ চুয়াল্লিশ ঘন্টার মধ্যে, যে প্রতিবাদীকে আটক রাখা অব্যাহত রাখা উচিৎ একটি অপরাধের অভিযোগের ভিত্তিতে COVID-19 এর কারণে একটি গ্র্যান্ড জুরি এম্পানেল করার অক্ষমতার ফলে, যা এই সেকশনের সাবডিভিশন তিনের অধীনে ভালো কারণ বলে গণ্য করা হতে পারে; এবং
    - ফৌজদারি পদ্ধতি আইনের সেকশন 190.80, যে পর্যন্ত একটি আদালত অবশ্যই নিজেকে সন্তুষ্ট করবে যে ভাল কারণ দেখানো হয়েছে যাতে একটি প্রতিবাদীকে 45 দিন পার করেও একটি অপরাধের অভিযোগের কারণে আটক রাখা উচিত COVID-19 এর ফলে একটি গ্র্যান্ড জুরি এম্প্যানেল করতে অক্ষম হওয়ার কারণে, যা এই সেকশনের সাবডিভিশন b এর অধীনে ভালো কারণ বলে গণ্য হতে পারে, এই শর্তে যে সেই প্রতিবাদীকে একটি প্রারম্ভিক শুনানি প্রদান করা হয়েছে সেকশন 180.80 এর অধীনে।

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগকালীন জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের 29-a সেকশনের অনুচ্ছেদ 2-B এর ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃত্বের দ্বারা, আমি এতদ্বারা নির্বাহী আদেশের তারিখ থেকে 06 জুন 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করছি:

- কোনো আবাসিক বা বাণিজ্যিক ভাড়াটের উচ্ছেদ প্রক্রিয়াকরণ শুরু করা চলবে না, ভাড়ার জন্য অথবা কোনও আবাসিক বা বাণিজ্যিক বন্ধক না প্রদান করার জন্য কোন ফোরক্লোজার করা চলবে না, যা এমন কারোর মালিকানা অথবা ভাড়ায় আছে যিনি রাজ্য ও ফেডারাল আইনের অধীনে বেকারত্বের বীমা বা সুবিধার জন্য যোগ্য অথবা অন্যথায় আর্থিক অস্বচ্ছলতার সম্মুখীন হচ্ছেন COVID-19 মহামারীর কারণে জুন 20, 2020 থেকে শুরু করে ষাট দিনের জন্য।

- স্টেটব্যাপী স্কুল বন্ধের সাথে সম্পর্কিত কার্যনির্বাহী আদেশ 202.11 দ্বারা সংশোধিত, কার্যনির্বাহী আদেশ 202.14 এবং 202.4-এ থাকা নির্দেশনাকে সম্প্রসারণ করা কার্যনির্বাহী আদেশ 202.18, এতদ্বারা অব্যাহত থাকবে এবং তদানুসারে সকল স্কুল অবশিষ্ট স্কুল বর্ষের জন্য বন্ধ থাকবে। অপরিহার্য কর্মীদের শিশুদের পরিচর্যা উপর জোর দেওয়া সহ স্কুল ডিস্ট্রিক্টগুলোকে বিকল্প নির্দেশনামূলক ব্যবস্থা, বিতরণ এবং খাবারের প্রাপ্যতা, ও শিশু পরিচর্যার জন্য পরিকল্পনা অব্যাহত রাখতে হবে।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি স্টেটের সরকারি

সিলমোহর সহ অ্যালবেনি শহরে দুই

হাজার বিশ সালের মে মাসের সপ্তম

দিনে এটি প্রদান করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব